

দুই নেত্রী কে...

২৬-০৮-২০০৮

-মাসনুন আহমেদ

আজ প্রায় অনেকদিন হল আমি লিখি না। লিখি না বললে ভুল হবে লিখার জন্য প্রয়োজনীয় সময় পাই না। ক্লাস, ইউনিভার্সিটি নান ঝামেলায় থাকতে হয়। গতকাল আমার পড়ার টেবিল



গোছাতে গিয়ে পুরনো লেখাগুলো খুঁজে পেলাম। পড়লাম। আবার কলম ধরতে ইচ্ছা হল।

আমার বেশীরভাগ লেখাতে-ই আমি রাজনৈতিক, পাশাপাশি সামাজিক কিছু সমস্যা আমার দৃষ্টিভঙ্গি দিয়ে বিশ্লেষণের চেষ্টা করি। মুক্তমনা এবং সাতরং এ কিছু কিছু লেখা প্রকাশিত-ও হয়েছে। রাজনৈতিক সমস্যা নিয়ে লিখলেও বলতে দ্বিধা নেই আমি রাজনীতি বুঝি না। আমার রাজনীতি বোঝার দরকার-ও নেই। যাদের উদ্দেশ্য করে আমি লিখি বিশেষতঃ আমাদের দুই দলের দুই প্রধান নেত্রী, তাদের অনিচ্ছাকৃত (অথবা ইচ্ছাকৃত) ভুলগুলো সম্পর্কে আমার মত একজন সাধারণ বাংলাদেশী নাগরিকের সাধারণ ভাবনাগুলো, সাধারণ মানুষের কাছে তুলে ধরার-ই একটি চেষ্টা থাকে আমার।

গত কয়েকবছর আগে যখন “সরকার” ও “বিরোধী দল” এই দুটো শব্দ শোনা যেত তখনকার কথা বলছি। এই “সরকার” ও “বিরোধী দল”এর রাজনৈতিক বিভিন্ন আচার-আচরণে আমাদের দেশের মানুষ ত্যক্ত-বিরক্ত। আমাদের বুদ্ধিজীবীরা পত্রিকায় লেখা-লিখি করেই যাচ্ছেন। সেই সময়কার কিছু লেখাতে প্রায়ই একটি শব্দ চলে আসত। সহনশীলতা। সরকার ও বিরোধী দলের সহনশীলতার খুব অভাব। আমরা সাধারণ মানুষদের কাছে ব্যপারটা আরো স্পষ্ট হয়ে উঠত যখন আমরা দেখতাম এই দুই দলের দুই জন সবচেয়ে গুরুত্বপূর্ণ ব্যক্তির মুখ দেখাদেখি বন্ধ। এর পরিণতি কি হয়েছে তা বলার কোনো প্রয়োজন নেই।

দুই দলের দুই নেত্রী-ই কোনো না কোনো ভাবে চাপে রয়েছেন-এটা বুঝতে হলে আইনষ্টাইন হতে হয় না। আমার মাঝে মাঝে তাদের খুব দেখতে ইচ্ছা করে। আমি তাদের দুই জনকে এক করে একটি প্রশ্ন ছুড়ে দিতে চাই।



মাননীয় নেত্রীদ্বয় আপনারা কি লজ্জিত?

আমাকে কেউ বলে দেয় নি কিন্তু আমি জানি তারা আমার প্রশ্ন শুনে কিছুক্ষন চুপ করে থাকবেন। আমি সেই মুহূর্তে দেখতে চাই তাদের অশ্রুসজল চোখ। দেশের জন্য, এই দেশের মানুষের জন্য যেই দুই ফোটা চোখের পানি তাদের আরো

আগের ঝরে পড়া উচিত ছিল সেই দুই ফোটা
পানি আমি তাদের সামনে বসে দেখতে চাই।
আমি তাদের সেই অশ্রুসজল নয়নের দিকে
তাকিয়ে আবারো জিজ্ঞেস করতে চাই



মাননীয় নেত্রীদ্বয় আপনারা কি অনুতপ্ত?

আপনাদের কাছে বাংলাদেশের মানুষ অনেক কিছু আশা করেছিল। যা তারা
আশা করেছিল তা আপনারা তাদের দিতে পারেন নি। বাংলাদেশের মানুষ আশা
করতে খুব ভালবাসে। তারা আবার বুক ভরা আশা নিয়ে আপনাদের দুজনের
দিকে তাকিয়ে আছে। কেন জানি না তারা খুব ভালভাবে বিশ্বাস করে, আর
কেউ চাক না চাক আপনারা দুজন চাইলে অনেক কিছু সম্ভব।

আপনারা কি এই হতভাগ্য, দুর্ভাগা, বোকা মানুষগুলোর কথা একটু ভাববেন?

(massnoon.hasan@gmail.com)

(ছবি: ইন্টারনেট)